# সোনালী ব্যাংক পিএলসি

*বিশ্বস্ত ও স্মার্ট*

## অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ~~১২~~ ১২(৬) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

**ঋণগ্রহীতা/ ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ- মেসার্স মায়েদা এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ মাসুম বিল্লাহ (আজাদী), দোকান নং- ১০৮, কালীগঞ্জ রোড, জীবননগর, চুয়াডাঙ্গা।**

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ১৬/০৩/২০২৫ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ১১,২৫,৮১৭.৭৯ টাকা (কথায়- এগারো লক্ষ পঁচিশ হাজার আটশত সতেরো টাকা উনআশি পয়সা মাত্র) এবং আদায় কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্নবর্নীত হাইপোঃ/ প্লেজকৃত মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/ বন্ধকীকৃত স্থাবরসম্পত্তি (নির্মানাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছেঃ

**বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ**

**জেলা- চুয়াডাঙ্গা, থানা- জীবননগর, মৌজা- প্রতাপপুর, জেএল নং- ২৬, জমির মালিক- মোঃ খলিলুর রহমান**

| খতিয়ান নং | | | | দাগনং | | জমির পরিমান | জমির প্রকৃতি |
|---|---|---|---|---|---|---|---|
| সিএস | এসএ | আরএস | খারিজ | সিএস ও এসএ | আরএস | | আবাসিক |
| ২১৮ | ২৩১ | ৩০৩ | ৮১৩ | ৭০৩ | ৯৫৯ | ০.০৪১২ একর জমি ও তদুপরিস্থিত নির্মাণাদি | |

শর্তসমূহ ঃ

০১) আগামী ~~২৫/০৩/২০২৫~~ ০৭/০৫/২৫ তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, জীবননগর শাখা, চুয়াডাঙ্গা কিংবা প্রিন্সিপাল অফিস, চুয়াডাঙ্গা তে রক্ষিত দরপত্র বক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ২ঃ৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে ( যদি কেহ উপস্থিত থাকেন ) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরনের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/ অফিসে পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/ মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোটমূল্য অথবা গুদামে মজুদ সমূদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/ সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্টমানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল ঃ

| আর্নেষ্টমানি/ জামানতের পরিমাণ | | অবিশিষ্টমূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের | ২০%হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের | ১৫%হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের | ১০%হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্টমূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/ সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জমানত ও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্তবা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিল বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকুলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্রদাতাকে বহন করিতে হইবে।

০৮) ঋণ গ্রহীতা/ প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/ মালামাল সংক্রান্ত সরকারী কর/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের দাবী/ পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কতৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যাতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্রদাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ম্যানেজার

Md. Abdul Hannan
Manager (SPO) B-1170
Sonali Bank PLC
Jibannagar Branch, Chuadanga

মোবাইল নং- ০১৭৩০৩২৫৩৯২